সহায়তা ও বিস্তারিত তথ্যের জন্য

যেকোনো একটি VITA সাইট ভিজিট করুন। স্বেচ্ছাসেবী ইনকাম ট্যাক্স অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম বিনামূল্যে প্রস্তুতি ও রিটার্ন দাখিল বিষয়ক সহায়তা প্রদান করে থাকে। একটি VITA সেন্টার খুঁজতে:

- কল করুন 1 800-906-9887 নম্বরে
- IRS ওয়েবসাইট ভিজিট করুন: **www.irs.gov**

এটি এবং আপনি যোগ্য হতে পারেন এমন অন্যান্য ট্যাক্স ক্রেডিট সম্পর্কে আরো জানার জন্য, ভিজিট করুন **www.mybenefits.ny.gov**

আপনি বিনামূল্যে নিজস্ব ট্যাক্স দাখিল করতে যোগ্য হতে পারেন! বিস্তারিত তথ্যের জন্য, ভিজিট করুন **www.tax.ny.gov/pit/efile**

আপনি অতিরিক্ত নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হতে পারেন

নিউ ইয়র্ক স্টেটের নন-কাস্টোডিয়াল প্যারেন্টদের অর্জিত ইনকাম ট্যাক্স ক্রেডিট

আপনার সাথে বসবাস করে না অথচ আদালতের আদেশ মেনে আপনি যদি সেই শিশুর জন্য অর্থ প্রদান করেন তবে আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন।

আপনি এই ক্রেডিট বা নিউ ইয়র্ক স্টেট EITC, দাবি করতে পারবেন তবে একই সাথে দুইটিই দাবি করতে পারবেন না।

প্রতিটি ক্রেডিটের আওতায় আপনি কী পরিমাণ সহায়তা পাবেন তা হিসাব করুন এবং আপনার জন্য যেটি সর্বোত্তম সেটি নির্বাচন করুন।

শিশু এবং নির্ভরশীল ব্যক্তিদের কেয়ার ক্রেডিট

আপনি যদি কোনো শিশু বা নির্ভরশীল প্রাপ্ত বয়স্ক ব্যক্তির যত্ন নেওয়ার জন্য অর্থ প্রদান করেন যাতে আপনি কাজ করতে পারেন তাহলে আপনি এই নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হতে পারেন।

বিস্তারিত তথ্যের জন্য, একজন VITA
স্বেচ্ছাসেবকের সাথে দেখা করুন অথবা ভিজিট করুন
www.otda.ny.gov/workingfamilies

NEW YORK STATE OF OPPORTUNITY. | ডিপার্টমেন্ট অভ ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স | অফিস অভ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স

www.tax.ny.gov **www.otda.ny.gov**

DTF-215.2 (11/19) **Pub-4786** (11/19)

NEW YORK STATE OF OPPORTUNITY. | আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট

EITC থেকে প্রাপ্য আপনার সকল ক্রেডিট বুঝে নিন

আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC)

আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC) সেই সমস্ত ব্যক্তিদের জন্য যারা কাজ করে এবং আয়ের নির্ধারিত নির্দেশিকা মেনে চলে। আপনার ফাইলের অবস্থা, পরিবারের উপার্জিত আয় এবং যোগ্য শিশুদের সংখ্যার উপর নির্ভর করে ক্রেডিটের পরিমাণ পরিবর্তিত হয়। আপনার যদি কোনো ট্যাক্স বকেয়া না থাকে তাহলে আপনি যখন ট্যাক্স রিটার্ন দাখিল করবেন তখন অর্থ ফেরত পেতে পারেন।

ইন্টারনাল রেভিনিউ সার্ভিস (IRS), নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি সবাই আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট অফার করে।

আপনি কি যোগ্য?

EITC-এর যেকোনোটির যোগ্যতা অর্জনের জন্য আপনাকে অবশ্যই উল্লেখিত শর্তাবলি পূরণ করতে হবে:

- কর্মসংস্থান বা আত্ম-কর্মসংস্থান থেকে মজুরি উপার্জন;
- একটি বৈধ সামাজিক সুরক্ষা নম্বর থাকতে হবে (ITIN ফাইল জমাদানকারীগণ ক্রেডিট দাবি করার জন্য যোগ্য নয়);
- আপনার সাথে অর্ধ বছরেরও বেশি সময় ধরে বসবাস করে এমন যোগ্য শিশু থাকতে হবে অথবা আপনার যদি কোনো যোগ্য শিশু না থাকে তবে কমপক্ষে 25 বছর বয়সী থেকে 65 বছরের কম বয়সী ব্যক্তি থাকতে হবে এবং
- বিনিয়োগকৃত আয় $3,600 বা তারও কম থাকতে হবে।

আরো সুসংবাদ

EITC-এর অর্থ উল্লেখিত সুবিধাবলীর উপর প্রভাব ফেলবে না:

- পাবলিক অ্যাসিস্ট্যান্স
- SNAP সুবিধাবলী
- সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম
- পাবলিক হাউজিং
- চিকিৎসা সুবিধা

আপনি কী পরিমাণের জন্য যোগ্য হতে পারেন তা দেখতে আপনার অবস্থা সম্পর্কে জানুন।

শিশুর সংখ্যা	সর্বোচ্চ আয় (একাকী বা পরিবারের প্রধান)	সর্বোচ্চ আয় (বিবাহিতগণ যৌথভাবে দাখিল করুন)	EITC* (পর্যন্ত)
3+	$50,162	$55,952	$8,852
2	$46,703	$52,493	$7,868
1	$41,094	$46,884	$4,760
0	$15,570	$21,370	$714

** নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল ক্রেডিটের সম্মিলিত মোট সর্বোচ্চ পরিমাণের উপর ভিত্তি করে প্রস্তুতকৃত।*

আপনি আপনার পরিবারের দৈনন্দিন চাহিদা মেটাতে সহায়তা করতে পারেন।



যেভাবে আবেদন করবেন

আপনার যদি কোনো বকেয়া ট্যাক্স না থাকে তবে ক্রেডিট অর্জনের জন্য আপনাকে অবশ্যই একটি ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল করতে হবে। অনলাইন দাখিল হলো আপনার রিটার্ন দাখিল করার সহজতম এবং অর্থ ফেরত পাওয়ার দ্রুততম উপায়। বিনামূল্যে ট্যাক্স সহায়তার জন্য দেখুন **www.tax.ny.gov/pit/file/vita.htm**।